ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-১০
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১৮০.২৪ নথির বিষয়: কাজীপাড়া মাদ্রাসা রোড পানির পাম্প ব্রেক ডাউন কাজের ট্রাইপড পড়ে যাওয়ায় দূর্ঘটনা কবলিত ০২(দুই)টি বিদ্যুত লাইন এবং ০১(এক)টি সাইন বোর্ড মেরামত করণ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **কাজীপাড়া মাদ্রাসা রোড পানির পাম্প ব্রেক ডাউন কাজের ট্রাইপড পড়ে যাওয়ায় দূর্ঘটনা কবলিত ০২(দুই)টি বিদ্যুত লাইন এবং ০১(এক)টি সাইন বোর্ড মেরামত করণ প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৪/১১/২৪ ৪:২২ অপরাহ্ন

উপরোক্ত বিষয়েরে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন কাজীপাড়া মাদ্রাসা রোড পানির পাম্প কম্পাউন্ডে সম্প্রতি প্রতিস্থাপন কূপ খনন করে পাম্প চালু করা হয়েছে। গত ১৮/১০/২০২৪ইং পাম্প টি ব্রেকডাউন হয়। সদ্য প্রতিস্থাপিত কূপের জয়েষ্ট না থাকায় এবং পাম্প কম্পাউন্ডের জায়গা অত্যান্ত কম হওয়ায় এফএম বিভাগের অনুরোধে বালুর বস্তা ফেলে ট্রাইপড স্থাপনের কাজের পরিবেশ তৈরী করা হয়। গত ১৮/১০/২০২৪ইং তারিখ রাতে এফএম বিভাগ-২ ট্রাইপড স্থাপন করে ব্রেক ডাউন কাজ চলা কালে চেইন পুলি সহ ট্রাইপড পড়ে যায়। এতে পাম্পের পাশের ০২(দুই)টি বাড়ীর বিদ্যুত লাইন ছিড়ে যায় এবং ০১(এক)টি দোকানের সাইনবোড ভেঙ্গে যায়। মডস জোন-১০ এর অনুরোধে ডেসকো ছিড়ে যাওয়া লাইন দ্বয় অস্থায়ী ভাবে মেরামত করে বিদ্যুত সংযোগ চালু করা হয়। পরবর্তীতে আবারো কাজের পরিবেশ তৈরী করে গত ১০/১০/২০২৪ ইং তারিখ ব্রেক ডাউন কাজ করা হয়। ছিড়ে যাওয়া বিদ্যুত লাইন দ্বয় স্থায়ী ভাবে মেরামতের জন্য ডেসকো হতে পৃথক ০২(দুই)টি ডিমান্ড নোট পাওয়া গিয়েছে (সংযক্তি-১ এ কপি সংযুক্ত)। সাইনবোর্ড মেরামতের জন্য ০১(এক)টি কোটেশন পাওয়া গিয়েছে (সংযুক্তি-২ এ কোটেশন সংযুক্ত)। উল্লেখ্য যে, বর্তমানে জয়েষ্ট নির্মাণ কাজ আরম্ভ হয়েছে। ক্ষতিগ্রস্ত ০২(দুই)টি বিদ্যুত লাইন মেরামত, সাইন বোর্ড মেরামত এবং আনুষাঙ্গিক কাজের জন্য ০১(এক)টি প্রাক্কলণ তৈরী করা হলো। প্রাক্কলণে সর্বমোট প্রাক্কলণে সর্বমোট ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে টাঃ ২২,৯৬৮/-(বাইশ হাজার নয়শত আটষট্টি টাকা মাত্র) টাকা মাত্র (সংযুক্তি-৩ এ প্রাক্কলণ)। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ইং অর্থ বছরের অত্র বিভাগের বাজেট বরাদ্দের পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত (০১-০৪-০০৩) হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):
১। ডেসকো হতে প্রাপ্ত ডিমান্ড নোট।.
২। সাইনবোর্ড মেরামতের কোটেশন।.
৩। প্রাক্কলণ।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৪/১১/২৪ ৪:৩১ অপরাহ্ন

এমতাবস্থায়, কাজীপাড়া মাদ্রাসা রোড পানির পাম্প ব্রেক ডাউন কাজের ট্রাইপড পড়ে যাওয়ায় দূর্ঘটনা কবলিত ০২(দুই)টি বিদ্যুত লাইন এবং ০১(এক)টি সাইন বোর্ড মেরামত করণে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮১/১ বিধি অনুযায়ী সরাসরি ক্রয় খাতে সম্পন্ন করণের জন্য উপস্থাপিত টাঃ ২২,৯৬৮/-(বাইশ হাজার নয়শত আটষট্টি টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ক্রয় কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

৪/১১/২৪ ৫:১২ অপরাহ্ন মানিক চন্দ্র মহানায়ক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১০	৫/১১/২৪ ২:২৯ অপরাহ্ন মোঃ হাসিবুল হাসান উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১০	৫/১১/২৪ ৪:৩৫ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মন নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	৬/১১/২৪ ২:২৪ অপরাহ্ন মোঃ ফিরোজ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-২

~~৬/১১/২৪ ২:২৪ অপরাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৫/১১/২৪ ৮:৩৮ অপরাহ্ন

Okay

১৫/১১/২৪ ৮:৩৮ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১৮/১১/২৪ ২:০৪ অপরাহ্ন মোঃ ফিরোজ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-২	১৮/১১/২৪ ৩:৪২ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মন নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	১৮/১১/২৪ ৩:৪২ অপরাহ্ন মানিক চন্দ্র মহানায়ক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-১০

CamScanner